



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
www.iau.edu.bd



বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০১

স্মারক নং- ইআবি/একা-৪৩/কা.অ.সেশন.ফি/২০২০/০০০৭৪

তারিখ : ১৫/১২/২০২০ খ্রি.

ফাজিল অনার্স ২য়, ৩য় ও ৪র্থ বর্ষে পুনঃভর্তি/সেশন ফি-সহ অন্যান্য ফি-জমাদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে দেশের সকল অনার্স মাদরাসার অধ্যক্ষসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ এবং ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের যথাক্রমে ফাজিল অনার্স ৩য়, ২য় এবং ১ম বর্ষ পরীক্ষা-২০১৯ এর ফলাফল প্রকাশিত হওয়ায় নিম্নবর্ণিত তফসিল অনুসারে পুনঃভর্তি/সেশন ফি-সহ অন্যান্য ফি-আদায়ের কার্যক্রম শুরু করতে হবে।

তফসিল:

(ক) শিক্ষার্থীদের ফাজিল অনার্স ২য়, ৩য় ও ৪র্থ বর্ষের পুনঃভর্তি/সেশন ফি-সহ অন্যান্য ফি-নিম্নে নির্ধারণ করা হলো। উক্ত ফি-সমূহের মধ্যে পুনঃভর্তি/সেশন ফি- ও ক্রীড়া ফি-বাবদ আদায়কৃত অর্থের ৫০% মাদরাসা এবং অবশিষ্ট ৫০% সহ অন্যান্য ফি- বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে।

শ্রেণি	পুনঃভর্তি/সেশন ফি-	ক্রীড়া ফি-	রোজার কাউন্স/বি.এন.সি.সি ফি-
ফাজিল (অনার্স) ২য়, ৩য় ও ৪র্থ বর্ষ	৩০০/-	৫০/-	২৫/-

(খ) মাদরাসা কর্তৃপক্ষ সংশ্লিষ্ট শিক্ষার্থীদের নিকট থেকে ফি-সমূহ আদায়পূর্বক আগামী ১৭-১২-২০২০ খ্রি. তারিখ থেকে ৩১-০১-২০২১ খ্রি. তারিখের মধ্যে উক্ত ফি-সমূহ {পুনঃভর্তি/সেশন ফি- ও ক্রীড়া ফি- বাবদ আদায়কৃত অর্থের ৫০% অর্থসহ অন্যান্য ফি- অর্থাৎ প্রতি শিক্ষার্থী ২০০/- (দুইশত) টাকা হারে} নিম্নলিখিত নিয়মাবলী অনুসরণ করে “অগ্রণী ব্যাংক লিমি” এর যে কোন শাখায় জমা দিবেন।

ফি-জমা দেয়ার নিয়মাবলী :


- প্রথম ধাপ : www.iau.edu.bd তে প্রবেশ করতে হবে।
 - দ্বিতীয় ধাপ : Payment Option এ ক্লিক করতে হবে।
 - তৃতীয় ধাপ : EIIN ও Password দিয়ে Login করতে হবে।
 - চতুর্থ ধাপ : Session Fee তে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য পূরণপূর্বক Save এ ক্লিক করতে হবে।
 - পঞ্চম ধাপ : Payslip Download করে ব্যাংকে টাকা জমা করতে হবে।
- (Payslip Download করতে কোন সমস্যা হলে ০১৯৭৬-৫৪২০১২ এই নাম্বারে যোগাযোগ করুন)

(গ) ফাজিল অনার্স শ্রেণিতে রেজিস্ট্রেশন প্রাপ্ত যে সকল শিক্ষার্থী ফাজিল অনার্স ১ম, ২য় ও ৩য় বর্ষ পরীক্ষা-২০১৯ এ অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে অনুত্তীর্ণ হয়েছেন সে সকল শিক্ষার্থীকেও পরবর্তী শিক্ষাবর্ষে (Immediate Year) (রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে) বিধি অনুযায়ী উপরোক্ত ফি- প্রদান (প্রতি শিক্ষার্থী ২০০/- (দুইশত) টাকা হারে) করতে হবে।

(ঘ) আদায়কৃত অর্থের অনলাইন ব্যাংকিং এর ডিপোজিট স্লিপ এবং ভর্তিকৃত শিক্ষার্থীদের টট লিস্ট প্রস্তুত করে পরবর্তী ৭ (সাত) কর্মদিবসের মধ্যে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তরের একাডেমিক শাখায় সরাসরি/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে জমা দিতে হবে।

(ঙ) সকল শিক্ষার্থীর আদায়কৃত ফি-সমূহ একটি অনলাইন ব্যাংকিং এর ডিপোজিট স্লিপের মাধ্যমে জমা দেওয়া যাবে, তবে শিক্ষাবর্ষ অনুযায়ী শিক্ষার্থীদের টট লিস্ট পৃথক ভাবে জমা দিতে হবে।

উপাচার্যের অনুমোদনক্রমে


(এ. এস. মাহমুদ)

রেজিস্ট্রার

মোবাইল : ০১৭০৫-৪০৮০০১

email: iau.registr@gmail.com